

ইসলামিক ফাউন্ডেশন পত্রিকা

বাংলাদেশে প্রাতিষ্ঠানিকভাবে প্রকাশিত জার্নাল ও গবেষণাধর্মী পত্রিকাগুলোর মধ্যে ‘ইসলামিক ফাউন্ডেশন পত্রিকা’ একটি উল্লেখযোগ্য নাম। দীর্ঘ ৫৫ বছর যাবত পত্রিকাটি মানুষের জ্ঞানের পরিধি বৃদ্ধির ক্ষেত্রে একজন শিক্ষকের মতো কাজ করে আসছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, বাংলা একাডেমী, এশিয়াটিক সোসাইটিসহ অন্যান্য প্রতিষ্ঠান থেকে প্রকাশিত পত্রিকা থেকে ইসলামিক ফাউন্ডেশন পত্রিকাটি একেবারেই স্বতন্ত্র। দেশের সকল বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষক, ছাত্র ও গবেষকদের কাছে পত্রিকাটির ব্যাপক চাহিদা রয়েছে। ধর্মীয় বিধি-বিধান, আচার-অনুষ্ঠান, আমল-আখলাক ও নীতি-নৈতিকতার মৌলিক বিষয়সমূহ নিয়ে যে কেউ এই পত্রিকায় লিখতে পারেন। কুরআন, হাদীস, ফিকহ শাস্ত্র নিয়ে পুস্তকাকারে প্রকাশের মতো কলেবর নেই অথচ বিষয়টি সাধারণ ধর্মপ্রাণ মানুষের না জানলে জ্ঞানের একটি অধ্যায় তার অজানা থেকে যাবে এরকম লেখাগুলো প্রকাশের ক্ষেত্রে ইসলামিক ফাউন্ডেশন পত্রিকার কোন বিকল্প খুঁজে পাওয়া দুষ্কর। মুসলমানদের কৃতিত্ব, ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি বিকাশের ক্ষেত্রে ইসলামিক ফাউন্ডেশন পত্রিকার অবদান অসামান্য।

ধর্মীয় বিষয়ের গবেষকরা সাধারণত তাদের লেখা ছাপানোর মতো প্ল্যাটফর্ম খুঁজে পান না। সকল মুসলমানের ধর্মীয় মূল্যবোধের প্রতি সম্মান রেখে পত্রিকাটির লেখা নির্বাচন করা হয়ে থাকে। নির্বাচিত লেখা রিভিউ ও সম্পাদনার পর চৃড়ান্ত রিভিউ করার পর ছাপানোর অনুমোদন দেয়া হয়। ইসলামিক ফাউন্ডেশনের ঢাকা শহরের ঢিসিহ ৬৪টি বিভাগীয়/জেলা কার্যালয়ের বিক্রয় কেন্দ্রগুলোতে জ্ঞান পিপাসু পাঠকরা পত্রিকাটি সংগ্রহ করতে পারবেন। দাম একেবারেই নাগালের মধ্যে। মাত্র পঞ্চাশ টাকা।